বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়,ঢাকা।
হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-৩

নং-প্রকাঃ এইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৩৫২(২০১৫-২০১৬)/২০১৮-১৯/ তারিখঃ ৩১/১২/২০১৮ ইং

কর্মী সংক্রান্ত ঘোষণা

যেহেতু, আপনি জনাব মোঃ আনোয়ারুল হক, কর্মকর্তা, বিকেবি, কুসুমহাটি শাখা, শেরপুর ইতিপূর্বে জামালপুর অঞ্চলাধীন বিকেবি, জব্বারগঞ্জ বাজার শাখায় পরিদর্শক হিসেবে দায়িত্ব পালনকালে সংঘটিত অনিয়মের জন্য আপনার বিরুদ্ধে বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর শৃঙ্খলা সম্পর্কিত ৩৮(ক),(খ) ও (ঙ) প্রবিধি মোতাবেক যথাক্রমে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও দূর্নীতিমূলক অপরাধের জন্য শৃঙ্খলাজনিত বিভাগীয় মামলা নং-৫৭/১৫-১৬ রুজুপূর্বক অত্র বিভাগের ০৭.০৮.২০১৬ ইং তারিখের প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৩৫২/২০১৫-১৬/৩২৫ নম্বর স্মারক মূলে অভিযোগনামা জারী করা হইয়াছিল। আপনি উহার জবাব দাখিল করিয়াছিলেন এবং কর্তৃপক্ষ উক্ত মামলাটি তদন্তের জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করিয়াছিলেন;

০২। যেহেতু, তদন্তকারী কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলাটি প্রবিধান মোতাবেক তদন্তান্তে কর্তৃপক্ষের নিকট তদন্ত প্রতিবেদন পেশ করিয়াছেন;

০৩। যেহেতু, কর্তৃপক্ষ আপনার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ, আপনার জবাব, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষংগিক তথ্যাদি পর্যালোচনা পূর্বক আপনাকে গুরুদন্ড প্রদানের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহন করেন। উক্ত সিদ্ধান্ত মোতাবেক অত্র বিভাগের ২৮-১১-২০১৭ ইং তারিখের প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৩৫২/২০১৫-১৬/১৮৩৩ নম্বর কর্মী সংক্রান্ত ঘোষণার মাধ্যমে আপনাকে চূড়ান্ত কারণ দর্শানো নোটিশ জারী করা হইয়াছিল। আপনি ২৬-১২-২০১৭ ইং তারিখে উহার জবাব দাখিল করিয়াছেন। অতঃপর কর্তৃপক্ষ সার্বিক বিষয়াদি বিচার-বিশ্লেষণ করিয়া আপনি জনাব মোঃ আনোয়ারুল হক আপনার দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও দূর্নীতিমূলক অপরাধের দায়ে আপনাকে দোষী সাব্যস্ত করতঃ গুরু দন্ড প্রদানের চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহন করেন;

০৪। এক্ষণে, সেহেতু, কর্তৃপক্ষ গৃহীত সিদ্ধান্তের প্রেক্ষিতে বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী ) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর ৩৯(১)(খ)(আ) প্রবিধি অনুসারে আপনি জনাব মোঃ আনোয়ারুল হক আপনার মাসিক বেতন হতে ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা মুল বেতনের এক তৃতীয়াংশ হারে কর্তন করিয়া বিকেবি, জব্বারগঞ্জ বাজার শাখার আয় খাতে জমা করিবার আদেশ দিলেন। যদি আপনার চাকুরীকালে উল্লিখিত টাকা সম্পূর্নরূপে কর্তন শেষ না হয়, তাহা হইলে অবশিষ্ট অনাদায়ী টাকা আপনার প্রাপ্য অবসরোত্তর সুবিধাদি হইতে এককালীন কর্তন করিয়া বিকেবি, জব্বারগঞ্জ বাজার শাখার আয় খাতে জমা করিবার জন্যও আদেশ দিলেন।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আদেশক্রমে-

স্বাক্ষরিত
(মোঃ জহির ইকবাল)
উপ-মহাব্যবস্থাপক

জনাব মোঃ আনোয়ারুল হক (এ-৭০১১)
কর্মকর্তা
বাংলাদেশ কৃষি ব্যাংক
কুসুমহাটি শাখা, শেরপুর।

---

নং-প্রকাঃ এইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৩৫২(২০১৫-২০১৬)/২০১৮-১৯/ ২২৫৮(৭) তারিখঃ ৩১/১২/২০১৮ ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল ঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা ।
০২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর-৩, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন), বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক, বিকেবি, বিভাগীয় কার্যালয়, ময়মনসিংহ। আরোপিত শাস্তি সংশ্লিষ্ট কর্মকর্তার চাকুরী বহিতে লিপিবদ্ধ করতঃ কর্মী সংক্রান্ত ঘোষণাটি ব্যক্তিগত নথিতে সংরক্ষনপূর্বক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হইল।
০৫। উপ-মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-৪/কেন্দ্রীয় হিসাব বিভাগ-২, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত রায়ের নির্দেশনা মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল ।
০৬। উপ-মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৭। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। কর্মী সংক্রান্ত ঘোষনাটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হইল।
০৮। উপ-মহাব্যবস্থাপক, অভ্যন্তরীন নিয়ন্ত্রন বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৯। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, ময়মনসিংহ।
১০। মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, জামালপুর।
১১। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, জামালপুর।
১২। ব্যবস্থাপক, বিকেবি, কুসুমহাটি শাখা, শেরপুর । এতদসংগে প্রেরিত মূল কর্মী সংক্রান্ত ঘোষনাটি জনাব মোঃ আনোয়ারুল হক, কর্মকর্তা এর নিকট প্রাপ্তি স্বীকার রশিদ মারফত হস্তান্তর করতঃ রশিদটি অত্র বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হইল এবং উপরোক্ত রায় / সিদ্ধান্ত মোতাবেক তাহার মাসিক বেতন হইতে মূল বেতনের এক-তৃতীয়াংশ হারে কর্তন করিয়া কর্তনকৃত টাকার এ্যাডভাইস বিকেবি, জব্বারগঞ্জ বাজার শাখার আয় খাতে জমা করার বিষয়টি নিশ্চিতকরনের জন্য অনুরোধ করা হইল। তাহা ছাড়া জনাব মোঃ আনোয়ারুল হক এর বদলী জনিত কারনে তাহার এলপিসিতে কর্তনের বিষয়টি উল্লেখ করার জন্যও অনুরোধ করা হইল।
১৩। ব্যবস্থাপক, বিকেবি, জব্বারগঞ্জ বাজার শাখা, জামালপুর । উপরোক্ত রায় /সিদ্ধান্ত মোতাবেক জনাব মোঃ আনোয়ারুল হক এর মাসিক বেতন হইতে মূল বেতনের এক-তৃতীয়াংশ হারে কর্তনকৃত টাকার এ্যাডভাইস আয় খাতে জমা করিবার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হইল । যদি তাহার চাকুরীকালে উক্ত ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা কর্তন শেষ না হয়, তাহা হইলে অবশিষ্ট অনাদায়ী টাকা তাহার প্রাপ্য অবসরোত্তর সুবিধাদি হইতে এককালীন কর্তন করিবার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্যও আদেশক্রমে অনুরোধ করা হইল। এছাড়াও অভিযোগ সংশ্লিষ্ট ঋন কেইসগুলোর অনাদায়ী টাকা আদায়ের নিমিত্তে যথাযথ আইনগত ব্যবস্থা গ্রহনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হইল।
১৪। নথি/ মহানথি / মূলনথি।

৩১/১২/২০১৮
(মোঃ আব্দুর রউফ)
সহকারী মহাব্যবস্থাপক

C:\Users\HP\Desktop\BADAL PD-3\Badal Personnel announcement\Personnel Announcement - Punishment.docx